দৈনিক সংবাদ

22

তারিখ 31 JUL 1992
পৃষ্ঠা ২ কলাম ৪

# স্কুল-কলেজে দুই শিফ্ট চালু করা সম্ভব নয়ঃ শিক্ষামন্ত্রী

(সংসদ রিপোর্টার)

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার গতকাল সংসদে বলেছেন, রাজধানীর স্কুল-কলেজে দু'শিফট চালু করা অনেক টাকার ব্যাপার বলে এখন তা সম্ভব নয়।

আওয়ামী লীগের খান টিপু সুলতান উত্থাপিত একটি সিদ্ধান্ত প্রস্তাবের জবাবে শিক্ষামন্ত্রী গতকাল একথা বলেন।

প্রস্তাবটি ব্যাখ্যা করে খান টিপু সুলতান বলেন, দু'শিফট চালু করলে দ্বিগুণসংখ্যক ছাত্রছাত্রী পড়তে পারবে কিন্তু খরচ দ্বিগুণ হবে না। '৭৫ থেকে '৯০ সালের মধ্যে ৪ কোটি মানুষ বেড়েছে; কিন্তু প্রাথমিক শিক্ষা পেয়েছে ৪০ লাখ মাত্র। তাই শিক্ষার প্রসারের জন্য প্রাথমিক পর্যায়ে ঢাকায় দু'শিফট চালু হলে শিক্ষক নিয়োগের মাধ্যমে বেকারত্বও কমতে পারে। তিনি আশা প্রকাশ করে বলেন, সরকার যেহেতু দাবি করছেন শিক্ষার জন্য তারা সবচেয়ে বেশি বরাদ্দ করেছেন সুতরাং তার প্রস্তাবটি বাস্তবায়িত হবে।

জবাবে শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির-উদ্দিন সরকার বলেন, ঢাকা শহরে স্কুলগুলোর মধ্যে কয়েকটিতে দু'শিফট চালু হয়েছে। ওখশিষ্টগুলোতে দু'শিফট চালু করতে গেলে বার্ষিক ২৮ লাখ টাকা অতিরিক্ত লাগবে। ১১টি সরকারী কলেজে দু'শিফট চালু করতে হলে শিক্ষকদের নতুন পদ সৃষ্টি করতে হবে, আবাসিক বাসস্থান বাড়াতে হবে। বর্তমান কলেজগুলো পরিচালনা করতে ব্যয় হয় বছরে ১২ কোটি টাকা। দু'শিফট করতে গেলে আরো সমপরিমাণ টাকা লাগবে। এ টাকার ব্যবস্থা করা সময়সাপেক্ষ। সরকারের সদিচ্ছার ওপর আস্থা রাখতে আহ্বান জানিয়ে তিনি বলেন, ভবিষ্যতে প্রয়োজন অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা বাড়ানো হবে অথবা দু'শিফট চালু করা হবে।